গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা এর কার্যালয়
হিসাব ভবন
৪৫, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.dcadhaka.gov.bd



স্মারক নং-০৭.০৩.২৬০০.০০৬.০১.০০৬.২৩.৭৩ তারিখ: ০৯/১১/২০২৬ খ্রি.

বিষয়ঃ জাতীয়করণকৃত শিক্ষকগণের টাইমস্কেল প্রাপ্যতা।

সূত্রঃ ইউএও, কালিহাতী, টাংগাইলের স্মারক নং- ০৭.০৩.৯৩৪৭.১০০.০১১.১১.২১.১০৯; তারিখঃ ০১/১১/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রস্থ পত্রের মাধ্যমে জানা যায়, জনাব মোঃ সুলতান উদ্দিন, রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে ২২/০৫/১৯৯৮ খ্রি. তারিখে ১ম যোগদান করেন। তিনি ১১/০৯/২০০৮ খ্রি. তারিখে ১ম টাইমস্কেল, ১১/০৯/২০১২ খ্রি. তারিখে ২য় টাইমস্কেল এবং ১১/০৯/২০১৫ খ্রি. তারিখে ৩য় টাইমস্কেল গ্রহণ করেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০৭.১৫.০০০.০৪.০০.২০১৩-২৭২; তারিখঃ ০১/০৭/২০১৩ খ্রি. প্রজ্ঞাপন মোতাবেক বেসরকারি স্কুলসমূহ জাতীয়করণ করা হয়। বেসরকারি চাকুরীকাল গণনা করে টাইমস্কেল নেওয়া বিধিসম্মত না হলেও সংশ্লিষ্ট সহকারী শিক্ষক বেসরকারি চাকুরিকাল গণনা করে ০৩(তিন) টি টাইমস্কেল গ্রহণ করেছেন। উক্ত টাইমস্কেল সমূহ বাতিল করে বেতন পুনর্নির্ধারণপূর্বক অতিরিক্ত গ্রহণকৃত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা এবং ইউএও, কালিহাতী, টাংগাইল হতে যেসকল জাতীয়করণকৃত শিক্ষকগণ বেসরকারী চাকুরিকাল গণনা করে টাইমস্কেল গ্রহণ করেছেন সকলের বেতন পুনর্নির্ধারণ করে পে-ফিক্সেশন ২০২৬ করা যেতে পারে বলে মতামত ব্যক্ত করে উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কালিহাতি, টাংগাইল এ কার্যালয়ের সিদ্ধান্ত চেয়ে পত্র প্রেরণ করেন।

৩। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১২-০৮-২০২০ খ্রি. তারিখের ৯২ নং পত্রে অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেসরকারি চাকরিকাল গণনা করে টাইমস্কেল গ্রহণ বিধিসম্মত নয় মর্মে নির্দেশনা ছিল যা হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের ২৯-০৯-২০২০ খ্রি. তারিখের ১২৯ নং স্মারকের মাধ্যমে পৃষ্ঠাংকন করা হয়েছিল। পরবর্তীতে অর্থ বিভাগের ১৯-১০-২০২০ খ্রি. তারিখের ১৪৪ নং পত্রের মাধ্যমে পূর্বের ৯২ নং স্মারকটির কার্যকারিতা রিট পিটিশন নং-৪৯৫৩/২০২০-এর প্রেক্ষিতে ০৬ মাসের জন্য স্থগিত করা হয় যা হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের ২৫-১০-২০২০ খ্রি. তারিখের ১৫৪ নং স্মারকের মাধ্যমে পৃষ্ঠাংকন করা হয়েছে। এমতাবস্থায় রিট পিটিশন নং-৪৯৫৩/২০২০-এর চূড়ান্ত রায় এবং তৎপ্রেক্ষিতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের পরবর্তী নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা হলো।

ডিসিএ, ঢাকা মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

সংযুক্তি: বর্ণনামতে।

৯/১১/২৬
(শরিফুল ইসলাম)
এ্যাসিস্ট্যান্ট ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস
ডিসিএ ঢাকা।

উপজেলা হিসাবরক্ষণ অফিসার,
কালিহাতি, টাংগাইল।

Mail Copy

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৩৮.৫০০.১৭(খন্ড-২)-১২৯

তারিখঃ ২৯-০৯-২০২০ খ্রিঃ।

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১২/০৮/২০২০খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০১.১৭-৯২ নং স্মারকে ২০১৩-১৪ সালে অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের টাইমস্কেল প্রদানের বিষয়ে সিদ্ধান্ত পাওয়া গিয়েছে। স্মারকের 'ক' অনুচ্ছেদে এ বাবদ প্রদানকৃত অতিরিক্ত অর্থ আদায়ের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়ের উক্ত নির্দেশনা মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে স্মারকটি এতদসঙ্গে পৃষ্ঠাংকন করা হলো।

সংযুক্তি:- ০১ (এক) পাতা।

বরাবর,

১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।

২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।

৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।

৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৫। উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।

৬। পিএটু-সিজিএ/অতিঃসিজিএ (প্রশাসন), অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।

৭। অফিস কপি/গার্ড ফাইল।

কাজী [illegible]
২৯/০৯/২০২০
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৮৩৯২৬১৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-১ অধিশাখা।

নং- ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০১.১৭-৯২

তারিখ: ২৮ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ / ১২ আগস্ট, ২০২০খ্রি:

বিষয়: ২০১৩ ও ২০১৪ সালে অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাকুরীকাল গণনা ও আর্থিক সুবিধাদির প্রাপ্যতা নির্ধারণ।

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়-এর স্মারক নং-০৭.০৩.০০০০.০০৯.৩৮.৫০০.১৭(খন্ড-২)-৪৫, তারিখ-১১/০৩/২০২০খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে অর্থ বিভাগের নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হলোঃ

(ক) অধিকরণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকরির শর্তাদি নির্ধারণ) বিধিমালা, ২০১৩ এর বিধি ২(গ) এ উল্লিখিত 'কার্যকর চাকরিকাল' একই বিধিমালার বিধি ১০ এ উল্লিখিত শুধু পেনশন গণনার ক্ষেত্রে প্রযোজ্য। অর্থ বিভাগের সম্মতি গ্রহণ না করে উল্লিখিত বিধিমালার ২(গ), ৯ এবং ১০ এর ব্যত্যয় ঘটিয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ০৫/০৬/২০১৪ খ্রি. তারিখে ৮৮৯ নং পরিপত্রের টাইমস্কেল গণনা সংক্রান্ত ৩.০১ অনুচ্ছেদ বিধিসম্মত নয় বিধায় এ সংক্রান্ত মঞ্জুরি আদেশ সংশোধনপূর্বক অতিরিক্ত প্রদানকৃত অর্থ সংশ্লিষ্ট কর্মচারীদের কাছ থেকে আদায়যোগ্য।

(খ) উল্লিখিত বিষয়ে আর্থিক সংশ্লেষ ছিল বিধায় অর্থ বিভাগের সম্মতি ছাড়া হিসাব রক্ষণ অফিসসমূহ কর্তৃক টাইমস্কেল প্রদান সংক্রান্ত বিল পাশ করা জিএফআর (GFR) বিধি ৫০ এর সুস্পষ্ট লংঘন বিধায় হিসাব মহানিয়ন্ত্রককে দায়ি কর্মচারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের পাশাপাশি অতিরিক্ত পরিশোধিত অর্থ বিধি মোতাবেক আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২/৮/২০
(হায়াত মোঃ ফিরোজ)
উপসচিব
ফোনঃ ৯৫৫০৭৮১

অতিঃ সিজিএ (পদ্ধতি)
ডাইরী নম্বর ৮০৩ তারিখ ১২/৮/২০২০
হিসিজিএ (পদ্ধতি) : অতি জরুরী
এএজএও (পদ্ধতি-১) : পরীক্ষা করে মতামত দিন।
এএজএও (পদ্ধতি-২) : পরীক্ষা করে মতামত দিন।

১। সিনিয়র সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

Mail Copy

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৩৮.৫০০.১৭(খন্ড-২)-১৫৪

তারিখঃ ২৫-১০-২০২০ খ্রিঃ।


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়ের ১৯/১০/২০২০খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০১.১৭(অংশ)-১৪৪ নং স্মারকটি আদিষ্ট হয়ে এতদসঙ্গে পৃষ্ঠাংকন করা হলো।

বরাবর,

১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল) ।
৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৫। উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
৬। পিএটু-সিজিএ/অতিঃসিজিএ (প্রশাসন), অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।
৭। অফিস কপি/গার্ড ফাইল।

সংযুক্তি- ০১ (এক) পাতা ।

(কামরুন নেছা)
২৫/১০/২০২০
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৮৩৯২৬১৩।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-১ অধিশাখা।

নং- ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০১.১৭(অংশ)- ৯৪৪

তারিখ: ০৩ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
১৯ অক্টোবর, ২০২০খ্রিষ্টাব্দ

বিষয়: অধিগ্রহণকৃত বেসরকারী প্রাথমিক বিদ্যায়ের শিক্ষকগণ কর্তৃক অর্থ বিভাগের পত্র নং ০৭.০০.০০০০.১৬১. ৩৮.০০১.১৭-৯২, তারিখ: ১২/৮/২০২০খ্রিঃ বিষয়ে রিট পিটিশন নং ৪৯৫৩/২০২০ এর স্থগিতাদেশ।

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের স্মারক নং- ০৭.০৩.০০০০.০১০.১০.৮৯৮.২০-১৪৯, তারিখঃ ০৬/১০/২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ কর্তৃক ১২/৮/২০২০ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬১. ৩৮.০০১.১৭-৯২ নং স্মারকটি বহাল থাকলেও কার্যকারিতা ৬(ছয়) মাসের জন্য স্থগিত করা হয়েছে বিধায় মামলার পক্ষভুক্ত হিসেবে জবাব দাখিলপূর্বক যথাযথ প্রক্রিয়ায় মামলাটিতে Contest করতে হবে।

১৯.১০.২০২০

(রওনক আফরোজা সুমা)
উপসচিব
ফোনঃ ৯৫৫০৭৮১

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।